

সময় স্মৃতিব্রত

তাহলে তাই হোক
সব কাঁটাতার টপকে
কলকাতার বিখ্যাত যানজট জব্দ করে
চলে এসো তুমি রবীন্দ্রসদনে
পাঁচিশে বৈশাখের ভোর হয়ে

বেলফুলের মৃদু গন্ধে ভরে যাক ময়দান
রবীন্দ্র সঙ্গীতে নাকি তোমার উড়াল আঁচল থেকে
এই উপহার
এ নিয়ে কোন তর্ক করবো না আমরা
কিশোরীর প্রথম চুমুর মতো, পবিত্র এক দুঃখের মতো
একবার চলে এসো আমাদের কাছে
সামান্য কিছুক্ষণ থাকো, স্পর্শের নীরব বিদ্যুতে
একবার জ্বলে উঠুক পোড়া শহর

তারপর না হয় তুমি মিশে যেও
অখ্যাত কবির কল্পনায়, তোমার সেই ক্ষণিক স্মৃতি
রঙিন প্যাকেটে মুড়ে ফিরি করতে থাকুক
আমাদের তণ বেকারেরা

বাসুদেব দেব

